সমকাল

শুক্রবার, ০৬ জুলাই ২০১৮

# এইচএসসির ফল প্রকাশ ১৯ জুলাই

■ সমকাল প্রতিবেদক

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ১৯ জুলাই প্রকাশ করা হবে। দুপুর ১টায় সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলের বিস্তারিত তুলে ধরবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এরপর দুপুর ২টা থেকে পরীক্ষার্থীরা ফল জানতে পারবেন। সারাদেশে শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটের পাশাপাশি যে কোনো মোবাইল অপারেটরের মাধ্যমে এসএমএস করেও ফল জানা যাবে।

রেওয়াজ অনুযায়ী, শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে ১৯ জুলাই সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে মাধ্যমিকের ফল তুলে দেবেন শিক্ষামন্ত্রী। পরে নিজ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে ফলের বিভিন্ন দিক তুলে ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

# এইচএসসির

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

ধরবেন তিনি। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির আহ্বায়ক অধ্যাপক জিয়াউল হক সমকালকে গতকাল বৃহস্পতিবার এ তথ্য জানান।

গত ২ এপ্রিল সারাদেশে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। পরীক্ষায় অংশ নেন ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ শিক্ষার্থী।

এইচএসসিতে আটটি সাধারণ বোর্ডের অধীনে ১০ লাখ ৯২ হাজার ৬০৭ জন অংশ নেয়। এ ছাড়া মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে এক লাখ ১২৭ জন, কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি (বিএম)-এ এক লাখ ১৭ হাজার ৭৫৪ এবং ডিআইবিএসে ৯৬৯ জন পরীক্ষায় অংশ নেয়।